



15

৩০

নওগাঁ জেলার লক্ষাধিক শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত

নওগাঁ, ২১ জুলাই (সংবাদদাতা)।— নওগাঁ জেলার ১১টি উপজেলার ৬ থেকে ১০ বছরের ১ লাখ ১১ হাজার ১শ' ৪৩ জন শিশু নানা কারণে শিক্ষার আলো থেকে বঞ্চিত।

এদের মধ্যে নওগাঁ সদর উপজেলায় ২৪ হাজার ৫শ' ২৮ জন, আত্রাই উপজেলায় ১৭ হাজার ৩শ' ৩৩ জন, মান্দা উপজেলায় ১৪ হাজার ৮শ' ৯ জন, নিয়ামতপুর উপজেলায় ১১ হাজার ১শ' ৬৪ জন, বদলগাছী উপজেলায় ১০ হাজার ৪শ' ১৫ জন, মহাদেবপুর উপজেলায় ১০ হাজার ১শ' ৯৫ জন, রাণীনগর উপজেলায় ৮ হাজার ১২ জন, খামরহাট উপজেলায় ৪ হাজার ৪শ' ৩ জন, পোরশা উপজেলায় ৪ হাজার জন, পত্নীতলা উপজেলায় ৪ হাজার জন এবং সাপহার উপজেলায় ২ হাজার ৩শ' ৪ জন।

নওগাঁ জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে পাওয়া তথ্যানুযায়ী বর্তমানে এই জেলায় ৬ থেকে ১০ বছর বয়সের শিশু রয়েছে ৩ লাখ ২৫ হাজার ৩শ' ৯৯ জন। এদের মধ্যে ৭শ' ৯৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ১শ' ৫৮টি অন্যান্য বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করছে ২ লাখ ৪ হাজার ২শ' ৫৬ জন।

এর মধ্যে প্রথম শ্রেণীতে ৭৪ হাজার ৮শ' ১১ জন। দ্বিতীয় শ্রেণীতে ৪৮ হাজার ২শ' ৮৩ জন, তৃতীয় শ্রেণীতে ৩৮ হাজার ৩শ' ১৮ জন, চতুর্থ শ্রেণীতে ২৯ হাজার ৫শ' ৮৫ জন ও পঞ্চম শ্রেণীতে ২৩ হাজার ২শ' ৫৯ জন।

উপরোক্ত তথ্যানুযায়ী বর্তমানে জেলার মোট শিশুর শতকরা ৬৫ ভাগ পড়াশুনা করছে। কিন্তু ক্রমাগতই উচ্চ শ্রেণীতে এই হার কমতে থাকে। প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত উঠতে শতকরা ৬৯ ভাগ শিশু বাদ পড়ে যায়। বর্তমানে পঞ্চম শ্রেণীতে যত শিশু অধ্যয়ন করছে ১ম শ্রেণীর তুলনায় তার সংখ্যা শতকরা ৩১ জন।

উল্লেখ্য, যে সব শিশু বিদ্যালয়ে যায় না তারা সকলেই গরীব ঘরের সন্তান। নিরক্ষর অভিভাবকরা তাদের সন্তানদের বিদ্যালয়ে পাঠানোর চেয়ে মাঠে পাল্টা নিয়ে যাওয়া অথবা জ্বালানি সংগ্রহের কাজে লাগাতে বেশী উৎসাহী। অনেকেই আবার দারিদ্র্যতার কারণে অল্প বয়সেই তাদের সন্তানদের দোকান, হোটেল, রেস্টোরাঁর বয় অথবা কেন গৃহভৃত্যের কাজে লাগিয়ে দেয়। অনেক গৃহস্থের সচ্ছলতা থাকলেও বিদ্যালয় দূরে থাকার কারণেও তাদের ছেলে-মেয়েদের বিদ্যালয়ে পাঠান না।